

মাদারীপুরের সমস্যা জর্জরিত

দুইটি মহিলা কলেজ

মাদারীপুর সংবাদদাতা ॥ জেলা সদরে অবস্থিত মাদারীপুর সুলফিয়া মহিলা কলেজ এবং শিবচর থানা সদরের রিজিয়া বেগম মহিলা কলেজ নানা সমস্যায় জর্জরিত। বিশেষ করিয়া অর্থাভাবের কারণে এই ২টি শিক্ষা প্রতিষ্ঠানের কোন উন্নয়ন কর্মকাণ্ড সম্ভব হইতেছে না। শিক্ষক এবং কর্মচারীরা নিয়মিত বেতন পান না।

জানা যায়, ১৯৮৪ সাথে স্থাপিত মাদারীপুর শহরের একমাত্র মহিলা কলেজ ১৯৮৮ সালে ডিগ্রী কলেজে উন্নীত হয়। এ পর্যন্ত ইহার বাড়িওয়ারী দেওয়াল নির্মাণ হয় নাই। বর্তমানে ৪ শত ছাত্রীর জন্য ২৭ জন শিক্ষক রহিয়াছেন। গাছপাড়া, অর্থনীতি ও মনোবিজ্ঞান বিভাগ এখনও চালু হয় নাই। ছাত্রী নিবাস নাই। বিজ্ঞান ভবনও নির্মাণ হয় নাই। আসবাব পত্রের তীব্র অভাব রহিয়াছে। কলেজ শিক্ষকদের জন্য আবাসিক ব্যবস্থা গড়িয়া উঠে নাই। সংযোগ সড়কটির অবস্থা খুবই খারাপ। কলেজ মাঠ ভরাট না হওয়ায় সামান্য বৃষ্টিতেই পানি জমিয়া যায়। দেওয়াল না থাকায় গবাদিপশু বহিরাগতদের উৎপাত লাগিয়া থাকে। এদিকে শিবচরের রিজিয়া বেগম মহিলা কলেজটিতে স্থান সংকুলান সমস্যা প্রকট আকার ধারণ করিয়াছে। ১৯৮৫ সালে স্থাপিত এই কলেজে এ পর্যন্ত বিজ্ঞান বিভাগ খোলা হয় নাই। প্রায় ৪ শত ছাত্রী থাকিলেও স্থান সমস্যা এবং

প্রয়োজনীয় আসবাবপত্রের অভাবে লেখাপড়া বিঘ্নিত হইতেছে। ছাত্রী নিবাসের অভাবে দূরবর্তী স্থানের মেয়েরা এই কলেজে ভর্তি হইতে পারে না। কলেজ শিক্ষকদেরও কোন আবাসিক ব্যবস্থা নাই।